যায়যায়দিন

তারিখ ...1 ...1 MAY 2008
পৃষ্ঠা ৩ কলাম

# কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবি

## অন্যথায় আমরণ অনশন কর্মসূচি

যাযাদি রিপোর্ট

শিক্ষা খাতে বাজেট বৃদ্ধি হচ্ছে প্রতি বছর। কিন্তু কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের বেতন বাড়ছে না। বিগত সরকারগুলোর মতো বর্তমান সরকারও এ বিষয়টি সম্পর্কে উদাসীন। এ প্রেক্ষাপটে জুনে জাতীয় বাজেট ঘোষণার আগে মে মাসের মধ্যে বিষয়টি সমাধান করা না হলে ১ জুন থেকে আমরণ অনশনে যাবেন দেশের ১০ হাজার শিক্ষক। গতকাল তোপখানা রোডস্থ কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা এ ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, ১৯৯২ সালে দেশের দুর্গম এলাকায় ৩ হাজার ৭৭৮টি কমিউনিটি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। সেসব স্থানে বর্তমানে ১০ হাজার ৭৬৫ শিক্ষক কর্মরত আছেন। এসব শিক্ষক সেই থেকে এখন পর্যন্ত মাত্র ১ হাজার ২০০ টাকায় চাকরি করে আসছেন। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির এ বাজারে সংসার চালাতে শিক্ষকদের নাভিশ্বাস উঠেছে। তারপরও সরকার এ বিষয়টিকে গুরুত্ব দিচ্ছে না। অনুষ্ঠানে সমিতির সভাপতি হাফিজুর রহমান খান, মহাসচিব মোঃ মাহবুবুল আলম, সিরাজুল ইসলাম, মোঃ সোলায়মান, নয়নয়ান খান, ইউসুফ আলী প্রমুখ শিক্ষক নেতা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, এ বিষয়ে সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরীর সঙ্গে তাদের কয়েক দফা আলোচনা হয়েছে। তিনি শিক্ষকদের বেতন স্কেলে ফেলার ব্যাপারে আশ্বাস দিয়েছেন। কিন্তু এ বিষয়ে অর্থ উপদেষ্টার কোনো সহানুভূতি না পাওয়ায় অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন শিক্ষকরা।

শিক্ষকদের অভিযোগ, ২০০৭ সালের মার্চ থেকে তারা অর্থ উপদেষ্টার সঙ্গে যোগাযোগের চেষ্টা করছেন কিন্তু এখন পর্যন্ত তা সম্ভব হয়নি।

শিক্ষকরা বলেন, ডিজির পাঠানো হিসাব অনুযায়ী আমাদের দাবি মেটাতে সরকারের প্রতি বছর মাত্র ২৪ কোটি টাকা অতিরিক্ত খরচ হবে। এবার শিক্ষাখাতে ২ হাজার ৬০০ কোটি টাকা বাজেট রাখা হয়েছে, যা গতবারের তুলনায় প্রায় এক হাজার কোটি টাকা বেশি। তাই এবার আমাদের বেতন স্কেলে না আনা হলে আমরা আমরণ অনশনের কর্মসূচি ঘোষণা করবো। ৩০ মে'র মধ্যে সরকার এ বিষয়ে ঘোষণা না দিলে ১ জুন থেকে মুক্তাঙ্গনে আমাদের কর্মসূচি শুরু হবে।